কুমারখালিতে মোটরসাইকেলের ধাক্কায় বৃদ্ধ নিহত

কুষ্টিয়ার কুমারখালিতে রাস্তা পার হওয়ার সময় মোটরসাইকেলের ধাক্কায় হাফিজুর রহমান (৫৫) নামে এক বৃদ্ধ নিহত হয়েছে।

সোমবার বিকেলে কুষ্টিয়া-রাজবাড়ী সড়কের দবিরমোল্লার গেটে এ ঘটনা ঘটে।

নিহত হাফিজুর রহমান কুমারখালী উপজেলার দবিরমোল্লার গেট এলাকার মৃত দবির উদ্দিন মোল্লার ছেলে।

কুমারখালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মজিবর রহমান জানান, সোমবার বিকেলে দবির মোল্লা রেলগেটে রাস্তা পার হওয়ার সময় একটি দ্রুতগামী মোটরসাইকেলের ধাক্কায় রাস্তায় ছিটকে পড়ে।

পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করলে সন্ধ্যার দিকে তার মৃত্যু হয়।

খোকসায় ছাত্রীকে অপহরণের দায়ে মাদ্রাসা শিক্ষক গ্রেপ্তার

কুষ্টিয়ার খোকসায় নাবালিকা ছাত্রীকে নিয়ে পলাতক এক শিক্ষককে অপহরণ মামলায় গ্রেপ্তার করেছে পুলিশ।

গ্রেপ্তারকৃত সেই শিক্ষক সাইদুল ইসলামের (৩৫) বিরুদ্ধে অপহরণ মামলা করেছিলেন ছাত্রীর বাবা। রবিবার (৩০ আগস্ট) দিবাগত রাতে ওই শিক্ষকের বাড়ি থেকে গ্রেপ্তার করে পুলিশ।

খোকসা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মজিবুর রহমান জানান, কুষ্টিয়ার খোকসার শোমসপুর ইউনিয়নের সাতপাখিয়া গ্রামের এক ছাত্রীকে আরবি পড়াতেন শিক্ষক সাইদুল ইসলাম। গত ১২ আগস্ট প্রেমের

ফাঁদে ফেলে ওই ছাত্রীকে নিয়ে পালিয়ে যায় দুই সন্তানের জনক শিক্ষক সাইদুল।

এ ঘটনায় ওই ছাত্রীর বাবা খোকসা থানায় অভিযোগ করেন। অবশেষে সেই মামলার জেরে খোকসা থানা পুলিশ অভিযুক্ত শিক্ষকের বাড়ি থেকে অপহৃত ছাত্রীকে উদ্ধার করা হয়।

উদ্ধার হওয়া ছাত্রীকে শারীরিক পরীক্ষার জন্য সোমবার (৩১ আগস্ট) সকালে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।

গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে নিম্নমানের খাবার সরবরাহের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের জন্য সরবরাহকৃত খাবারের মান নিয়ে প্রশ্ন তুলেছেন রোগী সাধারণ। ঠিকাদারদের দেয়া খাবারের মান যাচাই ও ওজন পরিমাপ করার নিয়ম থাকলেও সেটি করা হচ্ছে না। খাবারের মান ও ওজন দেখে না নেয়ার কথা স্বীকার করেছেন স্বাস্থ কমপ্লেক্সের আবাসিক মেডিক্যাল অফিসার সাদিয়া সুলতানা।

জানা গেছে, স্বাস্থ্য কমপ্লেক্সে মাঝে মধ্যে রোগাক্রান্ত পোল্ট্রি মুরগী ও পচা সিলভার কার্প মাছ সরবরাহ করা হয়। নিয়মানুযায়ি আবাসিক মেডিক্যাল অফিসার খাবারের মান যাচাই ও ওজন ঠিকভাবে দেখে নিবেন। কিন্তু আবাসিক মেডিক্যাল অফিসার তা করেন না। বাবুর্চির দেয়া তথ্য নোট করে নেন। আবার কতটুকু খাবার দেয়া হচ্ছে তা ঠিক পরিমাপ করা হয় না। ঠিকাদার যা বলেন সেটাই লিপিবদ্ধ করে বিল দেয়া হয়।

নাম না প্রকাশ করার শর্তে কয়েকজন রোগি জানান, যে খাবার দেয়া হয় তা গরীব মানুষেরা নিজ বাড়িতেও খান না। বাধ্য হয়ে অনেক রোগী বাড়ি কিংবা বাইরে থেকে খাবার কিনে আনেন।

বাবুর্চি লাইলী জানান, তিনি ঠিকাদারদের কাছ থেকে যা পান তা আরএমও সাহেবকে মোবাইল ফোনে জানিয়ে দেন। কতজন রোগীর খাবার বা কতটুকু তা ওজন দেখেন না তিনি।

এদিকে কতজন রোগী ভর্তি থাকেন আর কতজনকে কি খাবার দেয়া হবে সে বিষয়ে আবাসিক মেডিক্যাল অফিসার সাদিয়া সুলতানা জানান, কোন অফিশিয়াল তথ্য নিতে হলে তথ্য আইনে ফরম পুরুণ করে নিতে হবে। খাবারের মান যাচাই সম্পর্কে তিনি জানান, প্রতিদিন খাবার দেখে মেপে নেয়ার কোন বাধ্য বাধকতা নেই তাই বাবুর্চির দেয়া তথ্য ঠিকভাবে ধরে নেয়া হয়।

গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক জানান, করোনার কারণে হাসপাতালে যাওয়া হয়নি। বিভিন্ন প্রোগ্রামে ব্যস্ত ছিলাম। এখন গিয়ে সব দেখা হবে। কোন অনিয়ম প্রশ্রয় দেয়া হবে না।

মেহেরপুর-২ গাংনীর সাংসদ ও উপজেলা স্বাস্থ্য সেবা কমিটির সভাপতি সাহিদুজ্জামান খোকন জানান, সঙ্গত কারণেই খোঁজ খবর নেয়া হয়নি। কয়েকদিনের মধ্যেই ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে আবারো মা মেয়ের আমরণ অনশন

মেহেরপুরের গাংনী পৌর সভায় চাকুরি পেতে প্রদানকৃত ১৫ লাখ টাকা ফেরতের দাবীতে আবারো আমরণ অনশনে বসেছেন মা ও মেয়ে । সোমবার বিকেল থেকে গাংনী উপজেলা পরিষদ শহীদ মিনার চত্বরে অনশনে বসেন তাঁরা।

অভিযোগ সূত্রে জানাগেছে, তিন বছর আগে গাংনী পৌর এলকার শিশিরপাড়া গ্রামেরর শাহাবুদ্দিন ওরফে বাহাদুরের মেয়ে জনৈক মোমিনের স্ত্রী মৌমিতা খাতুর পলি পৌরসভায় হিসাব রক্ষণ সহকারি পদে চাকরি পেতে পৌর মেয়র আশরাফুল ইসলামকে ৬ লাখ ৯০ হাজার টাকা প্রদান করেন।

কোটচাঁদপুরে এমপি’র ঐচ্ছিক তহবিলের চেক বিতরণ ও মাছের পোনা অবমুক্ত করণ

ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চলের ঐচ্ছিক তহবিলের চেক বিতরণ করা হয়েছে।

সোমবার বেলা ১২ টার দিকে কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের আয়োজনে ২০১৯-২০ অর্থ বছরে সংসদ সদস্যের ঐচ্ছিক তহবিলের ৬৭ হাজার টাকার এই চেক বিতরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ২০ জন অসচ্ছল ব্যক্তির মধ্যে এ চেক বিতরণ করেন।

অনুষ্ঠানে এ সময় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, সাধারণ সম্পাদক শাজাহান আলী, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলামসহ আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

এর আগে উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে কপোতাক্ষ নদে ১’শ ২৬ কেজি মাছের পোনা অবমুক্ত করেন সংসদ সদস্য শফিকুল আজম খাঁন চঞ্চল। এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, উপজেলা মৎস্যজীবী লীগের আহ্বায়ক মোঃ আবুল খায়ের প্রমুখ।

মেহেরপুরের সড়ক কাঁপাচ্ছে কিশোর ড্রাইভাররা

নেই ড্রাইভিং লাইসেন্স। নেই সড়কে চলাচলের সংকেত সম্পর্কে স্বচ্ছ ধারণা। তারপরও শত শত কিশোর মোটরসাইকেল, ইজিবাইক, লক্কর-ঝক্কর মাইক্রোবাসের চালকের আসনে নিয়মিত ড্রাইভার। এসব অনভিজ্ঞ কিশোর চালকের হাতে গাড়ির স্টিয়ারিং ঘিরে সড়কে ঘুরছে নিজেদেও ও সাধারণ যাত্রীদের জীবনচাকা।

প্রশাসনের তেমন নজরদারি না থাকায় দিন দিন সড়কে অনভিজ্ঞ লাইসেন্সহীন কিশোর চালকদের মটরসাইকেল ও ইজিবাইকের হ্যান্ডেল ধরার প্রতিযোগিতা বেড়েই চলছে। কখনও প্রয়োজনের তাগিদে আবার কখনও শখের বসে লোকাল সড়ক থেকে প্রধান সড়ক দাপিয়ে বেড়াচ্ছে তারা। এর ফলে ছোট খাটো দুর্ঘটনা হরহামেশাই ঘটছে।

মেহেরপুর জেলা অটো ইজিবাইক মালিক সমিতির তথ্য অনুযায়ি জেলায় প্রায় ৮ হাজারের মত অটো চলাচল করে। সমিতির আওতাভুক্ত ১৮শ মত। এদের ভিতর অনেকেই অপ্রাপ্ত বয়সের ড্রাইভার। সরকারিভাবে এইসব অটো চালকদের লাইসেন্স দেওয়ার কোন ব্যবস্থা নেই। ছোট মেহেরপুর শহরে প্রায় ২ হাজার অটো চলাচল করে। যাদের বেশির ভাগই অনভিজ্ঞ ড্রাইভার। ট্রাফিক আইন সম্পর্কে নেই নুন্যতম ধারণা।

এছাড়াও মোটরসাইকেল নিয়ে সড়ক কাঁপাচ্ছে কিশোর ড্রাইভাররা। গ্রাম থেকে শহর সবখানেই তাদের বিচরণ। এক্ষেত্রে অভিভাবকদের দায়ি করছে সচেতন মহল। ছেলের আবদার পূরণের জন্য অপ্রাপ্ত বয়সেই তুলে দিচ্ছে গাড়ির চাবি। মেহেরপুর ট্রাফিক পুলিশের দাবি, কিশোর চালকরা এ ধরণে যানবাহনে চালকের আসনে বসে কর্তব্যরত পুলিশের চোখ ফাঁকি দিয়েই চলাচল করছে।

অনুসন্ধানে দেখা গেছে, থ্রিহুইলার, মাইক্রোবাসের শিক্ষানবিশ ড্রাইভার, মোটরসাইকেল, এ ধরণের ৪০ ভাগ যানবাহনের স্টিয়ারিং হাতে নিয়েছে অপ্রাপ্তবয়স্ক কিশোররা।
ইজিবাইক ও অটোর বিষয়ে মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন বলেন, শহরে ইজিবাইকের সুষ্ঠ চলাচলের বিষয়ে আমরা ক্যাম্পেইন করার বিষয়ে সিদ্ধান্ত নিয়েছি। লোকবল সংকট ও করোনার প্রাদুর্ভাবে এটা দেখভাল করা সম্ভব হয়নি। শহরে চলাচলের জন্য

নির্দিষ্ট সংখ্যক ইজিবাইককে পৌরসভা কতৃক অনুমোদন দেওয়া হবে। অনুমোদন দেওয়ার ক্ষেত্রে এনআইডি কার্ড দেখা হবে। যাতে করে অপ্রাপ্ত বয়সের কেউ যাতে অনুমোদন না পাই সেদিকে খেয়াল রাখা যায়।

মেহেরপুরে ট্রাফিক পরিদর্শক জাহাঙ্গির কবির বলেন, প্রধানসড়কে অবৈধ যান চলাচলে নিষেধাজ্ঞা রয়েছে। এ বিষয়ে আমরা নিয়মিত অভিযান পরিচালনা করছি।

এরপরও অপ্রাপ্ত বয়সের চালকরা সড়কে কর্তব্যরত পুলিশের চোখ ফাঁকি দিয়ে চলছে। আবার অনেকক্ষেত্রে দেখা যায় প্রয়োজনের তাগিদে অনেকেই অপ্রাপ্ত বয়সে গাড়ি চালাতে বাধ্য হয়। এ ক্ষেত্রে আমরা তাদের নিরুৎসাহিত করি, অনেক সময় মামলা দিয়েও এই ধরণের কর্মকাণ্ড বন্ধ করার চেষ্টা করি। সর্বপরি মহাসড়কে অপ্রাপ্তবয়স্ক কিশোরদের দিয়ে গাড়ি চলাচল ড্রাইভিং লাইসেন্স ছাড়া ও অতিরিক্ত যাত্রী নিয়ে ঝুঁকিপূর্ণ গাড়ি চলাচল বন্ধে ট্রাফিক পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

‘দলে সাহেদ-সাবরিনাদের মতো কেউ থাকলে ঝেটিয়ে বিদায় করতে হবে’

আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এসএম কামাল হোসেন বলেছেন, যারা আওয়ামী লীগ করেন, তারা যদি কোন অপকর্ম করে তাহলে ব্যক্তির অপকর্মের দায়ভার আওয়ামী লীগের উপর বর্তায়। দোষ করে ব্যক্তি বিশেষ, গালি খায় দল ও দলের শীর্ষ নেতারা। দলে যদি সাহেদ-সাবরিনাদের মতো কেউ থেকে থাকে তাহলে তাদের ঝেটিয়ে বিদায় করতে হবে। কারণ ব্যক্তির দোষের কারণে বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার রাতদিন পরিশ্রম বিফলে যেতে পারে না।

সোমবার দুপুরে ২৩ বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে কৃষক লীগ ঢাকা মহানগর উত্তর আয়োজিত স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি, এতিম শিশুদের মধ্যে মৌসুমী ফল বিতরণ অনুষ্ঠানে প্রধান

অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হত্যাকাণ্ড উল্লেখ করে তিনি বলেন, বঙ্গবন্ধুকে হত্যা শুধু ব্যক্তি হত্যা নয়। বঙ্গবন্ধুর আদর্শকে হত্যা করতে চেয়েছিল। জিয়াউর রহমান ছিলেন পাকিস্তানের এজেন্ট ছিলেন। কারণ মুক্তিযুদ্ধ চলাকালে কর্নেল বেগ জিয়াউর রহমানকে চিঠি দিয়েছিল। কর্নেল বেগ, পরবর্তীকালে পাকিস্তানের সেনাপ্রধান হয়। জমির বেগ লিখেছিল, তোমার ছেলে ও বউ ভালো আছে। তুমি যুদ্ধ চালিয়ে যাও। মেজর জলিল সম্পর্কে সতর্ক থেকো। এতেই বোঝা যায় জিয়া পাকিস্তানের এজেন্ট ছিল।

তিনি বলেন, বিএনপি এখন বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের বিরুদ্ধে কথা বলে? অথচ তারাই জাতির পিতার হত্যার বিচার চাওয়া যাবে না মর্মে ইনডেমনিটি দিয়েছিল। ২০০১ সালে ক্ষমতায় এসে অপারেশন ক্লিন হাটের নামে ১২৮ জন আওয়ামী লীগ নেতাকর্মীকে হত্যা করলো। পরে কেউ এই হত্যার বিচার চাইতে পারবে না, মর্মে আইন করলো।

একুশে আগস্ট গ্রেনেড হামলার সঙ্গে সরাসরি তারেক রহমান দাবি করে কামাল বলেন, যদি জড়িত না হয় তাহলে পিন্টুর ভাইকে কেন বিদেশ পাঠানো হলো? সেনাবাহিনীর একজন বলল চারটি গ্রেনেড উদ্ধার হলো? সে গ্রেনেডগুলো কোথায় গেল? তদন্ত করা হলো না কেন?

প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ও আওয়ামী লীগের দফতর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া বলেন, জাতির পিতা চির অমর হয়ে থাকবেন। তাকে ভোলা সম্ভব নয়। তিনি স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠা করেছিলেন শুধু বাংলাদেশের জন্য নয়, একটু স্বাধীন ভূখণ্ড প্রদানের জন্য। বিধ্বংস দেশকে যখন এগিয়ে নিয়ে যাচ্ছিলেন তখন তাকে নির্মমভাবে হত্যা করা হয়। সেই দিলের ঘটনার যেন পুনরাবৃত্তি না ঘটে-এজন্য আওয়ামী লীগের প্রত্যেক নেতাকর্মীকে সতর্ক থাকতে হবে। জাতির পিতাকে হত্যা করা হয়েছিল পাকিস্তানের পরাজিত হওয়ার প্রতিশোধ নেওয়ার জন্য।

তিনি বলেন, পাকিস্তানের উত্তরসূরীরা এখনো সক্রিয়। বঙ্গবন্ধু হত্যার ষড়যন্ত্র কি থেমেছে? আগস্ট মাসেও সেই উল্লাস দেখেছি। তারেক রহমানের কারণেই একুশ আগস্ট গ্রেনেড হামলা করা হয়েছিল।

কৃষকলীগের সভাপতি কৃষিবিদ সমীর চন্দ বলেন, কৃষক লীগের সভাপতি সরকারিভাবে ধান চাল ক্রয় করার সময়ে সরকারি ধান চাল ক্রয় বিভিন্ন কমিটিতে কৃষক প্রতিনিধি রাখার দাবি জানান। একই সঙ্গে শোককে

শক্তিতে রূপান্তিত করে এগিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

কৃষকলীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট উম্মে কুলসুম স্মৃতি এমপি বলেন, জাতির পিতার হত্যার বিচার বন্ধে ইনডেমনিটি অধ্যাদেশটি ১৯৯৬ সালের আওয়ামী লীগ ক্ষমতায় এসে বাতিল করে। সে সময় বিচারের পথ খুলে দেয়। তখন জাতির পিতার ঘনিষ্ঠজন মহিতুল ইসলাম বাদী হয়ে হত্যা মামলা দায়ের করেন এবং এ মামলা আংশিক রায় কার্যকর করে বাকি ৫ জন পলাতক খুনিকে দেশে ফিরিয়ে এনে ফাঁসির রায় কার্যকর করার দাবি জানান।

ঢাকা মহানগর উত্তর কৃষক লীগের সভাপতি মাকসুদুল ইসলামের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক হালিম খানের পরিচালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কৃষক লীগের নেতা সাবেক বিশ্বনাথ সরকার বিটু, আবুল হোসেন, নেতা মোস্তফা কামাল চৌধুরী, আলহাজ্ব আকবর আলী চৌধুরী, অধ্যাপক নাজমুল ইসলাম পানু, এ্যাড. গাজী জসিম উদ্দিন, রেজাউল করিম রেজা, হিজবুল বাহার রানা, অধ্যাপক ডা. মজিবুর রহমান মিয়াজী, কৃষ্ণ গোপাল পাল, সামিউল বাসির সামি প্রমুখ।

সূত্র- বিডি প্রতিদিন

করোনা ভ্যাকসিন পেতে রাশিয়াকে চিঠি দিয়েছে বাংলাদেশ

করোনা ভ্যাকসিন পেতে রাশিয়াকে চিঠি দিয়েছে বাংলাদেশ। বিষয়টি নিশ্চিত করেছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক স্বপন।

তিনি বলেন, “দেশে ভ্যাকসিন আমদানি প্রক্রিয়া চলমান রয়েছে। চায়না কোম্পনি সাইনোভ্যাককে ইতিমধ্যেই দেশে শেষ ধাপের ট্রায়ালে অনুমোদন দেয়া হয়েছে। ভারতের সেরাম কোম্পানি কর্তৃক উৎপাদিত অক্সফোর্ড ভ্যাকসিন আনার বিষয়েও আলোচনা চলছে। একই সঙ্গে রাশিয়া সরকারের কাছেও ভ্যাকসিন আমদানির ব্যাপারে আমরা চিঠি দিয়েছি। এ ব্যাপারে রাশিয়ার অ্যাম্বেসেডরের সঙ্গে সরকারের ফলপ্রসূ আলোচনাও হয়েছে। করোনা মোকাবেলায় যে ভ্যাকসিন আগে আসবে সরকার সেটিকে

প্রাধান্য দেবে।”

সোমবার সচিবালয়ে দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত লি জ্যাং কেয়ানের সঙ্গে একটি দ্বি-পাক্ষিক বৈঠক শেষে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে সংবাদ সম্মেলনে এসব কথা বলেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক।

ব্রিফিংকালে স্বাস্থ্য শিক্ষা বিভাগের সচিব মো. আলী নূর স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক স্বপন বলেছেন, দক্ষিণ কোরিয়া বাংলাদেশকে খুব দ্রুত ৮ লাখ কোভিড কিটস ও ২টি টেস্টিং ল্যাব প্রদান করবে।

বৈঠকে দক্ষিণ কোরিয়ার সঙ্গে কোভিড-১৯ মোকাবেলায় উভয় দেশের বাস্তব অভিজ্ঞারচিত্রসমূহের তথ্য আদান-প্রদান করা হয়।

সূত্র- যুগান্তর

গ্রিসে সভ্যতার এলাকায় দাবানল, সঙ্কটে ব্রোঞ্জ যুগের স্থাপত্য

গ্রিসে ব্রোঞ্জ যুগের স্থাপত্যশিল্প সঙ্কটের মুখে দাঁড়িয়ে। মাইসিনে সভ্যতার প্রত্ন নিদর্শন যে অঞ্চলে রয়েছে, সেখানে দাবানল লেগেছে গতকাল রবিবার (৩০ আগস্ট)। স্থানীয় সংবাদমাধ্যম সূত্রে খবর, মাইসিনের রাজা অ্যাগমেমনের সমাধিস্থলের কাছে প্রথম দাবানল লাগে। ইতিহাসপ্রেমী মাত্রই পরিচিত এই নামটির সঙ্গে।

এখানেই ট্রয়ের যুদ্ধে প্রাণ হারিয়েছিলেন অ্যাগমেমন। দাবানলের লেলিহান শিখা তার সমাধিস্থল ছুঁয়ে ফেললেও দক্ষিণ পেলোপোনিস অঞ্চলের দমকল বাহিনীর কমান্ডার থ্যানাসিস কোলিভিরাস দাবি করেছেন, আগুন সমাধিস্থলের এলাকার ভিতরে ঢুকে শুধু কিছু শুকনো

ঘাসই পুড়িয়েছে। মিউজিয়ামের ভিতর কোনও ক্ষতি হয়নি।

জানা গেছে, দাবানল মোকাবিলায় ইঞ্জিন ছাড়াও চারটি বিমান এবং দুটি হেলিকপ্টার থেকেও ছিটানো হচ্ছে পানি। প্রসঙ্গত, ১৩ বছর আগেও আধুনিক অলিম্পিক গেমসের জন্মস্থান অলিম্পিয়ার মন্দির এবং স্টেডিয়ামে আগুন লেগেছিল। তবে দক্ষতার সঙ্গে সেবার আগুন মোকাবিলা করেছিল গ্রিস।

প্রাচীন গ্রিসের ব্রোঞ্জ যুগের শেষ সভ্যতা, খ্রিস্টপূর্ব দ্বিতীয় দশকে বেড়ে ওঠা মাইসিনীয় সভ্যতা ছিল ভূমধ্য সাগরীয় অঞ্চলের অন্যতম সভ্যতার কেন্দ্র। এই সভ্যতার সময়কাল ছিল প্রায় ১৬০০-১০০০ খ্রিস্টপূর্ব। স্থাপত্য, প্রযুক্তি এবং সামরিক শিল্পে বহু নতুন আবিষ্কারের পীঠস্থান ছিল মাইসিনে। বিস্তীর্ণ অঞ্চলজুড়ে বাণিজ্য মাইসিনে অর্থনীতিতে জোয়ার আনে। লিনিয়ার বি অক্ষরে লেখা মাইসিনে সভ্যতাই ইন্দো-ইওরোপীয় ভাষার প্রথম লিখিত তথ্য।

সূত্র- বিডি-প্রতিদিন

গাংনীতে ভুয়া কবিরাজের ১ মাসের জেল ও জরিমানা

মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে সাজিদ রহমান নামের এক ভুয়া কবিরাজকে এক মাসের কারাদন্ড ও এক হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।

সোমবার দুপুরে গাংনী উপজেলা সহকারি কমিশনার (ভুমি) অভিযান পরিচালনা করেন।

দন্ডিত ভুয়া কবিরাজ সাজিদ রহমান (২৪) নাটোর জেলার,লালপুর থানার ইসলামপুর গ্রামের মাজদার রহমানের ছেলে।

জানাগেছে, গাংনী উপজেলার তেরাইল গ্রামের শশুর বকুলের বাড়িতে থেকে দীর্ঘদিন ধরে কবিরাজি ব্যাবসা চালিয়ে আসছেন সাজিদ রহমান। বিভিন্ন এলাকায় নিযুক্ত দালাল চক্রের মাধ্যমে রোগী সংগ্রহ করে বিভিন্ন

রোগের চিকিৎসা দিতেন তিনি।

স্থানীয়দের অভিযোগের ভিত্তিতে সোমবার দুপুরে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে কবিরাজ সাজিদ রহমানের কাছে চিকিৎসা সম্পর্কিত কাগজপত্র না থাকায় বাংলাদেশ আয়ুর্বেদিক ও ইউনানী আইন লঙ্ঘন অপরাধে এক মাসের কারাদন্ড এবং ১ হাজার টাকা জরিমানা করে জেল হাজতে প্রেরণ করেছেন।